

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিকল্পনা কমিশন  
সাধারণ অর্থনীতি বিভাগ

জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত) প্রকল্প

স্মারক নং-২০.৬১২.০১৪.০১.০১.০০১.২০১০-৪৪৪

তারিখঃ ১৯ বৈশাখ, ১৪২৬ বঃ  
০২ মে ২০১৯ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা বিভাগের আওতায় সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত)- শীর্ষক প্রকল্পে হিসাব রক্ষক-এর শূন্যপদে শুধু প্রকল্প মেয়াদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বর্ণিত পদের বিপরীতে প্রদর্শিত সাকুল্য বেতনে ও নিম্নোক্ত শর্তে বাংলাদেশের স্থায়ী নাকরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নে পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসহ অন্যান্য বিবরণ উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	সাকুল্য বেতন	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	হিসাব রক্ষক ১২৫০০-৩২২৪০	১টি	২২,০০০/-	১৮ থেকে ৩০ বছর	➤ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী; ➤ ক্যাশবুক, লেজার সংরক্ষণ ও অডিট রিপোর্ট তৈরী করা ইত্যাদি ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে; এবং ➤ কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।

### শর্তাবলীঃ

- ১। প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জন্ম তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক দরখাস্তের সাথে সদস্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত ও অভিজ্ঞতা সম্পর্কিত সকল সার্টিফিকেট-এর সত্যায়িত কপি এবং অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রকল্প পরিচালক, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি প্রতিষ্ঠা (২য় সংশোধিত) প্রকল্প, ভবন নং-১৮, কক্ষ নং-৩১, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা বরাবরে ০৯/০৬/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে বর্ণিত ঠিকানায় ডাকযোগে/হাতে হাতে পৌছাতে হবে। নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- ২। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- ৩। সকল সনদপত্রের অনুলিপি একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার দ্বারা সত্যায়িত হতে হবে। নাগরিকত্ব সনদ, ইউনিয়ন/পৌর চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্র এবং চারিত্রিক সনদপত্র একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত হতে হবে।
- ৪। প্রচলিত সরকারী বিধি অনুযায়ী সর্বপ্রকার কোটা সংরক্ষণ করা হবে।
- ৫। আবেদনকারীর বয়স ০৯/০৬/২০১৯ তারিখে নির্ধারিত বয়সের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৬। প্রার্থী বাছাইয়ের নিমিত্ত পরীক্ষা (লিখিত এবং মৌখিক) গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে।
- ৭। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় উপর্যুক্ত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে পত্র দ্বারা জানানো হবে।
- ৮। সমাপ্ত অনুরূপ প্রকল্পের জনবল অন্য একটি প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের জাতীকৃত ২৬/০৬/২০০৩ খ্রিঃ তারিখের সম/সওব্য/টিম-১(২)-১১/২০০৩-৭২ নম্বর স্মারক অনুসারে প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য।
- ৯। আবেদন পত্রে কোনরূপ অসত্য তথ্য পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে নিয়োগের যে কোন শর্ত সংযোজন, বিয়োজন, পরিবর্তন এবং নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

আবু সাঈদ মোঃ কামরুজ্জামান  
প্রকল্প পরিচালক